



নম্বর : বিভাগীয় মামলা নং-০১/২০২১- ৫৮৪

তারিখ : ২৪ নভেম্বর ২০২১খ্রি.

আদেশ

যেহেতু, জনাব মেরিট চাকমা, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, জেএম শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, খাগড়াছড়ি পার্বত্য জেলা গত ১১/০৮/২০২১ খ্রি. তারিখ লন্ডন এক্সপ্রেস নামক প্রতিষ্ঠানের খাগড়াছড়ি- ঢাকা রুটে এসি বাস চলাচলের অনুমতি বিষয়ক একটি আবেদনের বিষয়ে নথির নোটাংশ ও অন্যান্য কাগজপত্র আবেদনকারীর পক্ষে জর্নৈক মো: তৌফিকুল আলম প্রকাশ জনি, পিতা- জাহিদুল আলম, সাং-শালবন, মোহাম্মদপুর, থানা-খাগড়াছড়ি সদর, জেলা- খাগড়াছড়ি পার্বত্য জেলা-কে উপযুক্ত কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত মোবাইলে ছবি ধারণ এবং ফটোকপি করতে সহায়তার অভিযোগ এনে সহকারী কমিশনার ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, জেএম শাখা ইউও নোট নম্বর : ০৫.৪২.৪৬০০.০১২.০৪.০৬২.২০-৪২, তারিখ: ১১/০৮/২০২১ খ্রি. মূলে আপনার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব প্রেরণ করেন। উক্ত মো: তৌফিকুল আলম প্রকাশ জনি এর বিরুদ্ধে সরকারি গোপনীয় রেকর্ড (নোট) অবৈধভাবে প্রতিলিপি প্রস্তুত করায় Official Secrets Act, 1923 মতে খাগড়াছড়ি সদর থানায় মামলা দায়ের করা হয়েছে (খাগড়াছড়ি সদর থানার মামলা নম্বর :০৯, তারিখ: ১২/০৮/২০২১ খ্রি.)। সরকারি নথির নোটাংশ একটি গোপনীয় ডকুমেন্ট হিসেবে উপযুক্ত কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে এর ছবি মোবাইলে তুলতে বা কোন প্রতিলিপি প্রস্তুত করতে সহায়তা করা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২(খ) এর (আ) ও (ই) মতে অসদাচরণের সামিল এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী দণ্ডযোগ্য অপরাধ হিসেবে বিবেচ্য।

যেহেতু, বর্ণিত অপরাধে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-০১/২০২১ রুজু করা হয় এবং এ অফিসের নম্বর : ০৫.৪২.৪৬০০ .০০১ .১১.০৯৮.১৭-৩৪২, তারিখ : ১২ আগস্ট ২০২১ খ্রি. আদেশ মূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা আপীল) বিধিমালা, ২০১৮ এর ১২(১) বিধিমতে জনাব মেরিট চাকমা-কে ১২ আগস্ট ২০২১ খ্রি. তারিখে চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হয়। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর বিধি ২(খ) এর (আ) ও (ই) অনুযায়ী অভিযোগ আনয়নপূর্বক এ অফিসের স্মারক নম্বর: ০৫. ৪২. ৪৬০০.০০৩.১১.০৬.১৭-৩৮১, তারিখ : ২৫ আগস্ট ২০২১ খ্রি. মূলে পত্র প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে সন্তোষজনক কারণ দর্শাতে অথবা ব্যক্তিগত শুনানী চান কিনা জানাতে নির্দেশ প্রদান করা হয়।

যেহেতু, জনাব মেরিট চাকমা, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ০১/০৯/২০২১ খ্রি. তারিখে লিখিত জবাব দাখিল করেন। দাখিলকৃত জবাবের পরিপ্রেক্ষিতে তার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে বিভাগীয় মামলাটি তদন্তপূর্বক প্রতিবেদন পেশ করার জন্য জনাব প্রশান্ত চক্রবর্তী, সহকারী কমিশনার, খাগড়াছড়িকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তশেষে স্মারক নম্বর : বিভাগীয় মামলা নম্বর-০১/২০২১-১৫২৩, তারিখ : ২৭ অক্টোবর ২০২১ খ্রি. মূলে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্তকারী কর্মকর্তা প্রতিবেদনে উল্লেখ করেন যে, গত ১১/০৮/২০২১ খ্রি.তারিখে লন্ডন এক্সপ্রেস এর খাগড়াছড়ি টু ঢাকা রুটে চলাচলের অনুমোদন সংক্রান্ত নথি অভিযুক্ত জনাব মেরিট চাকমার তত্ত্ববধানে ছিল। সরকারি দপ্তরে নথি ব্যবস্থাপনার বিষয়ে যে সতর্কতা অবলম্বন করা দরকার তা তিনি করেননি। তার সম্মুখে তৌফিকুল আলম জনি লন্ডন এক্সপ্রেসের অনুমোদন সংক্রান্ত নথির নোটাংশের ছবি তুললেও তিনি তা ঠেকাতে পারেননি এবং পরবর্তীতে তিনি ছবি তোলা বিষয়ে তার ভারপ্রাপ্ত কর্মকর্তা বা উর্ধ্বতন কোন কর্মকর্তাকে অবহিত করেননি। কর্তব্যে অবহেলা ও পরবর্তীতে ঘটনার বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষকে জ্ঞাত না করানো বিষয়টি সন্দেহাতীতভাবে প্রমানিত হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেছেন।

সেহেতু, জনাব মেরিট চাকমা, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, জেএম শাখা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২(খ) এর (আ) ও (ই) অনুযায়ী অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালায় বিধি ৪(২)(খ) মতে ০১ (এক)টি বার্ষিক বর্ধিত বেতন স্থায়ীভাবে স্থগিত রাখার আদেশ প্রদান করা হলো এবং উক্ত কর্মচারীর সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হলো। এ আদেশ জারীর তারিখ হতে কার্যকর হবে এবং তার চাকরি বহিতে লিপিবদ্ধ করার জন্য বলা হলো।

স্বাক্ষরিত/-
(প্রতাপ চন্দ্র বিশ্বাস)
জেলা প্রশাসক

খাগড়াছড়ি পার্বত্য জেলা
ফোন: ০২৩৩৩৩৪৩৮১১, ফ্যাক্স: ০২৩৩৩৩৪৩২৮
dckhagrachari@mopa.gov.bd

নম্বর : বিভাগীয় মামলা নং-০১/২০২১- ৫৬৪

তারিখ : ২৪ নভেম্বর ২০২১খ্রি.

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম, বিভাগ, চট্টগ্রাম।

২। জেলা প্রশাসক.....(সকল)।

৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খাগড়াছড়ি পার্বত্য জেলা।


৪। উপজেলা নির্বাহী অফিসার.....(সকল), খাগড়াছড়ি পার্বত্য জেলা।

৫। সহকারী কমিশনার ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, ...~~খাগড়াছড়ি~~... শাখা, এ অফিস।

৬। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

৭। প্রশাসনিক কর্মকর্তা, সংস্থাপন শাখা, এ অফিস।

৮। জনাব মেরিট চাকমা, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, জেএম শাখা, এ অফিস।


২৪/১১/২১
জেলা প্রশাসক
খাগড়াছড়ি পার্বত্য জেলা